**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**19 January 2026** **7:35 AM IST**

==========================================================================

কেন্দ্রীয় দক্ষতা বিকাশ ও উদ্যমিতা মন্ত্রকের উদ্যোগে আজ থেকে ২২ শে জানুয়ারী পর্যন্ত গৌহাটী বিশ্ববিদ্যালয়ে উত্তর-পূর্ব আঞ্চলিক ভারতীয় দক্ষতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । গৌহাটী বিশ্ববিদ্যালয়ের বি কে বি প্রেক্ষাগৃহে আয়োজিত এই প্রতিযোগীতায় উত্তর-পূর্বাঞ্চলের ৮ টি রাজ্যের যুবক যুবতীদের একত্রিত করে ২৬ টি বিভাগে দক্ষতা প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । কেন্দ্রীয় দক্ষতা বিকাশ ও উদ্যমিতা দপ্তরের প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী আজ এই প্রতিযোগিতার উদ্ভোধন করবেন । উল্লেখ্য এই প্রতিযোগীতার মাধ্যমে উত্তর-পূর্বাঞ্চলে উদ্যোগের ক্ষেত্রে উদ্যমিতা বিকাশ , প্রতিযোগীতামূলক মনোভাব বৃদ্ধি ও জাতীয় ও আর্ন্তজাতিক মানের সংগে যুব সম্প্রদায়কে দক্ষতা বিকাশের ক্ষেত্রে যোগ্য করে তোলার প্রয়াস করা হবে । এদিকে রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু সামাজিক মাধ্যমে এবিষয়ে জানান যে এই প্রতিযোগীতা দক্ষতা বিকাশের মাধ্যমে যুব

সমাজের সম্ভাবনাকে তুলে ধরা সহ আত্মনির্ভর ভারত গড়ার সংকল্পকে আরো শক্তিশালী করবে ।

---

উত্তর-পূর্বকে দেশের বাকী অংশের সংগে উন্নয়নের ক্ষেত্রে সমানভাবে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সরকার গুরুত্ব দিচ্ছে এবং উত্তর-পূর্বাঞ্চল সম্প্রতি ভারতের উন্নয়নের নতুন দ্বার হিসেবে পরিগনিত হয়ে উঠেছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন । কাজিরাঙা এলিভেটেড করিডর প্রকল্প ও ৭১৫ নম্বর জাতীয় সড়কের কলিয়াবর - নুমলীগড় অংশের চারলেন সড়কের উন্নীতকরণের জন্য অনুষ্ঠিত ভূমিপূজায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন । কলিয়াবরের মৌসন্দা মাঠে আয়োজিত জনসভায় ভাষন দেবার সময় প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে আসাম উন্নতির পথে এগিয়ে গেলে সমগ্র উত্তর-পূর্বাঞ্চল উন্নতির দিকে এগিয়ে যাবে এবং তাতেই দেশের উন্নয়ন সাধন হবে । বিজেপি সরকার আসামের সার্বিক পরিকাঠামোর উন্নয়নকে অগ্রাধিকার প্রদান করছে এবং আসাম সহ উত্তর-পূর্ব ভারতের রেল পরিষেবার বিকাশে বিশেষ গুরুত্ব দিচ্ছে । প্রধানমন্ত্রী বলেন -

বাইট

কাজিরাঙাকে দেশের জৈব বৈচিত্রের অমূল্য রত্ন বলে উল্লেখ্য করে প্রধানমন্ত্রী শ্রী মোদী কাজিরাঙার বন্যপ্রাণীকে রক্ষা করে আসামের

ভবিষ্যত প্রজন্মকে সুরক্ষিত করাটা সরকারের দায়িত্ব বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলিয়াবর থেকে ভার্চুয়াল ব্যাবস্থায় শুভারম্ভ করা ডিব্রুগড়-লখনৌ অমৃত ভারত রেলগাড়ীর যাত্রার সঙ্গে সঙ্গতি রেখে চরাইদেও জেলার মরাণ রেল স্টেশন ও শিবসাগর জেলার শিমূলগুড়ি রেল জংশনে বিশেষ কার্যসূচী অনুষ্ঠিত হয় । স্থানীয় জনসাধারণ এবং রেল বিভাগের আধিকারিকদের উপস্থিতিতে ডিব্রুগড় থেকে যাত্রা আরম্ভ করা ট্রেনটিকে প্রথমে মরাণ রেল স্টেশনে এবং পরে শিমূলগুড়ি রেল জংশনে স্বাগত জানানো হয় । উল্লেখ্য অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনে যাত্রীদের সুরক্ষার জন্য বেশকয়েকটি অত্যাধুনিক প্রযুক্তি সংযোজন করা হয়েছে । ডিব্রুগড় বাণিপুর রেল স্টেশনে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ রামেশ্বর তেলী ,রাজ্যের শক্তি মন্ত্রী প্রশান্ত ফুকন সহ বিশিষ্ট ব্যাক্তি ও রেল বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন ।
এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শুভারম্ভ করা কামাখ্যা রোহতক অমৃত ভারত বিশেষ ট্রেনটিকেও বরপেটা রোড স্টেশনে স্বাগত জানানো হয় ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী মাসে গুয়াহাটী ও উত্তর গুয়াহাটীর মধ্যে নির্মীয়মান কুমার ভাস্কর বর্মা সেতুর উদ্বোধন করবেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী আরো জানান যে আগামী মাসেই প্রধানমন্ত্রী গৌহাটী ক্লাব থেকে চানমারী , বামুনীমৈদান ,নুনমাটি সংযোগকারী উড়াল সেতুটিও উদ্বোধন করবেন ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩ তম সমাবর্তন আজ থেকে আগামী ২১ শে জানুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হবে । আজ সকাল সাড়ে ১১ টায় সমাবর্তনের সূচনা হবে । এতে প্রধান অতিথি হিসেবে দীক্ষান্ত ভাষণ দেবেন বেলুড় মঠের রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের প্রো-চ্যান্সেলর স্বামী আত্মপ্রিয়ানন্দজি । আগামীকাল, ২০ শে জানুয়ারী বেলা ১২ টায় দ্বিতীয় দিনের কার্যসূচীতে প্রধান অতিথি হিসেবে দীক্ষান্ত ভাষণ দেবেন অশোক লিল্যান্ডের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট কৃষ্ণণ সদাগোপন । আগামী বুধবার অর্থাৎ ২১ শে জানুয়ারী বেলা ১২ টায় সমাবর্তনের শেষ কার্যসূচীতে প্রাক্তন সেনা প্রধান মনোজ মুকুন্দ নারাভানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দীক্ষান্ত ভাষণ দেবেন । তিনদিনব্যাপী এই কার্যসূচীতে আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য অবসরপ্রাপ্ত চিফ এয়ার মার্শাল  অরূপ রাহা পৌরহিত্য করবেন । আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ।